

## 💵 হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ উমরাহ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

সাঈ-এর ক্ষেত্রে প্রচলিত ভুলক্রটি ও বিদ'আত

- প্রতি কদমে ৭০ হাজার সওয়াব লেখা হবে এ আশায় অযু করে সাফা ও মারওয়ার মাঝে সা'ঈ শুরু করা।
- সাফা/মারওয়ার দেওয়ালের কাছে পৌঁছানোর আগেই ঘুরে চলে যাওয়া।
- সাফা থেকে নামার সময় এ দো'আ করা; (হে আল্লাহ আপনি আমার কর্মকাণ্ড রাসূলের সুন্নাত সমর্থিত করে দিন ও দীনের ওপর রেখেই মৃত্যু দিন।)
- সাঈ করার সময় বলা; (হে আল্লাহ আপনি আমাকে ক্ষমা করুন এবং দয়া করুন এবং আমার যেসব বিষয় আপনি জানেন তা গোপন করুন।)
- ১৪ বার চক্কর দিয়ে সা'ঈ শেষ করা।
- সা'ঈ শেষ করে দুই রাকাত সালাত আদায় করা।
- সালাতের ইকামাত হওয়ার পরও সাফা মারওয়ার মাঝে সা'ঈ চলমান রাখা।
- দলের সামনে দলনেতা কর্তৃক দো'আ উচ্চস্বরে উচ্চারণ করা এবং সে অনুসারে দলের সবাই মিলে সমবেত কণ্ঠে সেই দো'আ পাঠ করা।
- সা'ঈ শেষ করার পর হালাল না হয়েই একে অন্যের চুল অথবা নিজেই কাচি দিয়ে মাথার বিভিন্ন অংশ থেকে চুল কেটে বক্সে সংরক্ষণ করে রাখা।

একটি সতর্কতা: তাওয়াফ বা সা'ঈ করার সময় হুইল চেয়ার থেকে সতর্ক থাকবেন কারণ অনেকে জোরে হুইল চেয়ার চালিয়ে এসে পায়ের পিছনে ঠোকা লাগিয়ে দেন ফলে পা কেটে রক্তপাত হওয়ার সম্ভাবনা থাকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6524

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন